নং- ৪৯.০২.০০০০০.০০০.০১.০৬৩.২২-৫২ তারিখ : ১২.০৩.২০২৬

# দক্ষিণ কোরিয়ায় কৃষি খাতে মৌসুমী কর্মী নিয়োগের লক্ষ্যে আবেদন গ্রহণ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং দক্ষিণ কোরিয়াস্থ হামপিয়ং কাউন্টির কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী দক্ষিণ কোরিয়ায় হামপিয়ং কাউন্টিতে কৃষি খাতে মৌসুমি কর্মী নিয়োগ দেয়া হবে। সম্পাদিত সমঝোতা চুক্তি অনুযায়ী কেবল রাজশাহী বিভাগের অধিবাসী কৃষি কাজে নিয়োজিত জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তালিকাভুক্ত প্রকৃত কৃষিজীবীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১৬/০৩/২০২৬ তারিখ সকাল ১০ টা থেকে বিকাল ৩.৩০ টার মধ্যে আগে আসলে আগে পাবেন (first come first served) ভিত্তিতে নির্ধারিত পোর্টাল https://brms.boesl.gov.bd-এ অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে হবে। চাহিদার সংখ্যা ২০ জন। ২০ জনের বিপরীতে ৩০০ জন প্রার্থীর নিবন্ধন সম্পন্ন হলে নিবন্ধন কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

প্রাথমিক নিবন্ধনকালীন সময়ে ১ম ধাপে প্রার্থীর Personal Information ফর্মে উল্লিখিত তথ্য পূরণ পূর্বক পাসপোর্টে সাইজের ছবি আপলোড করতে হবে, ২য় ধাপে Passport Details-এ উল্লিখিত তথ্য পূরণ করে পাসপোর্ট কপি আপলোড করতে হবে, ৩য় ধাপে Work Experience-এ উল্লিখিত তথ্য পূরণ করে প্রার্থীর জীবন বৃত্তান্ত, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে কৃষি খাতে কাজের ১ বছর অধিক সময়ের অভিজ্ঞতা সনদের PDF ফাইল সর্বোচ্চ ১ এমবি সাইজ আপলোড করতে হবে এবং ৪র্থ ধাপে প্রার্থীর Family Details পূরণ পূর্বক প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্রাথমিক নিবন্ধন সম্পন্ন শেষে কৃষি খাতে মৌসুমী কর্মীতে চাকরির জন্য নির্ধারিত আবেদন ফি ১০০/- (একশ) টাকা ও মোবাইল ব্যাংকিং চার্জ (অফেরতযোগ্য) পরিশোধ করে চূড়ান্ত নিবন্ধন করতে হবে (নিবন্ধন গাইডলাইন সংযুক্ত):

| সংখ্যা | | মেয়াদ | বেতন (ওন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| পুরুষ | নারী | | | |
| ১৬ | ৪ | ন্যূনতম ৩ মাস সর্বোচ্চ ৮ মাস | ১০,০৩০ প্রতি ঘণ্টায় | ভিসার ধরণ-E-8 |

**<u>চাকরির শর্তাবলী</u>**

১। বৈধ পাসপোর্টধারী ন্যূনতম ১ বছর মেয়াদ থাকতে হবে;
২। বয়স ৩০-৩৯ বছর হতে হবে;
৩। কোরিয়ান ভাষা পারদর্শী ও কৃষি খাতে ১ বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
৪। রাজশাহী বিভাগের আওতাধীন জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ১ বছরের অধিক সময় কাজের অভিজ্ঞতার অফিসিয়াল সনদ থাকতে হবে (কপি সংযুক্ত);
৫। রাজশাহী বিভাগের আওতাধীন ইপিএস কর্মসূচির আওতায় রোস্টার হতে ডিলিটকৃত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উক্ত প্রার্থীদের ক্ষেত্রে রাজশাহী বিভাগের জেলা/উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৬। নিয়োগকর্তার চাহিদা মোতাবেক সকল কাজ করতে হবে এবং কর্মকাল সম্পন্ন করে নির্ধারিত সময় দেশে ফেরত আসতে হবে;
৭। প্রত্যাগত মৌসুমী কর্মীদের নিয়োগকর্তার চাহিদামতে পরবর্তী নিয়োগ প্রক্রিয়ায় অগ্রাধিকার পাবে;
৮। কালার ব্লাইন্ডনেস বা রঙ বোঝার সক্ষমতার সমস্যা মুক্ত হতে হবে;
৯। মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১০। ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তি প্রাপ্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১১। দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১২। দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
১৩। দক্ষিণ কোরিয়ায় যাওয়া-আসার বিমান ভাড়াসহ নির্ধারিত ব্যয় কর্মীর নিজেকে বহন করতে হবে এবং
১৪। অন্যান্য সুযোগ সুবিধা কোরিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য।

**<u>বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়</u>**

নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত সার্ভিস চার্জ, প্রশিক্ষণ ফি, বহির্গমন ট্যাক্স, সার্ভিস চার্জের উপর ১৫% ভ্যাট, ভিসা ফি, কল্যাণ ফি ও বীমা সংক্রান্ত ব্যয়সহ মোট ব্যয় ৬০,৭০০ টাকা। অপরদিকে চাহিদা সংগ্রহের প্রসেসিং ফি বাবদ নির্ধারিত অর্থ পৃথকভাবে পে-অর্ডারে পরিশোধ করতে হবে এবং দক্ষিণ কোরিয়া গমন ও ফেরতের বিমান ভাড়া প্রার্থীকে বহন করতে হবে। তাছাড়া নির্বাচিত প্রার্থী দক্ষিণ কোরিয়ায় কর্মকাল সম্পন্ন করে দেশে ফেরত আসবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে প্রার্থীর দুই জন (মা/বাবা/ভাই/বোন/স্বামী/স্ত্রী বা

নিকট আত্মীয় কোনো সরকারি চাকরিজীবী) জামিনদার হিসেবে স্বাক্ষর করবেন। উক্ত স্বাক্ষরকারী জামিনদার দুইজন প্রত্যেকে ৫ (পাঁচ) লক্ষ টাকা করে একাউন্টপেয়ী চেক (MICR) বোয়েসেলের অনুকূলে হস্তান্তর করতে হবে। প্রাপ্ত চেক ও স্ট্যাম্প অক্ষত অবস্থায় বোয়েসেলের নথিতে সংরক্ষণ থাকবে। স্বরণ করা যেতে পারে যে, এই চেক ও স্ট্যাম্প কেবলমাত্র নিয়োগদাতার অধীনে চাকরি না করার অপচেষ্টা এবং চাকরির মেয়াদ শেষে দেশে ফেরত না এসে কোরিয়াতে অবৈধ অবস্থানকারীর ক্ষেত্রে বিধি অনুযায়ী ব্যবহার করা হবে। স্বাভাবিক নিয়মে যথা চাকরির মেয়াদ শেষে কর্মী দেশে ফেরত আসলে অক্ষত অবস্থায় চেক ফেরত পাবে। উল্লেখ্য যে, চেক প্রদানকারী জামিনদারদের ব্যাংক হিসাবে নির্ধারিত অর্থ থাকা বাধ্যতামূলক নয়।

উল্লেখ্য যে, অনলাইনে আবেদন চাকরির সাক্ষাৎ ও চূড়ান্ত নির্বাচনের নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে বর্ণিত শর্তাবলী পূরণ করে চূড়ান্তভাবে নির্বাচিত হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত না হওয়ায় পর্যন্ত বোয়েসেলকে কোনো সার্ভিস চার্জ/ফি প্রদান করতে হয় না। নির্বাচিত প্রার্থীদের সকল অর্থ পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে। নির্ধারিত সার্ভিস চার্জের বাহিরে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন অর্থ দাবী করলে নিশ্চিত প্রতারক হিসেবে বিবেচিত হবে। তাই প্রতারণা থেকে সাবধান। আরও উল্লেখ্য যে, দক্ষিণ কোরিয়া সরকারের অভিবাসন বিধি অনুযায়ী এখন পর্যন্ত বাংলাদেশ থেকে সরকারি প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের E8 ভিসা ক্যাটাগরীতে (মৌসুমী/সিজনাল) কর্মী কোরিয়ায় প্রেরণের কোনো সুযোগ নেই।

বোয়েসেল কর্তৃপক্ষ।